

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৫০

৮/ সাওম (রোজা) (ﷺ) (সোডা عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আশূরা দিবসের সিয়াম পালনে উৎসাহিত করা।

باب مَا جَاءَ فِي الْحَتِّ عَلَى صَوْمِ يَوْمِ عَاشُورَاءَ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَأَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ غَيْلاَنَ بْنِ جَرِيرٍ، عَنْ عَبْدِ النَّهِ بْنِ مَعْبَدِ الزِّمَّانِيِّ، عَنْ أَبِي قَتَادَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قال " صيامُ يَوْمِ عَاشُورَاءَ إِنِي أَحْتَسِبُ عَلَى اللَّهِ أَنْ يُكَفِّرَ السَّنَةَ الَّتِي قَبْلَهُ ". وَفِي الْبَابِ عَنْ عَلِي وَمُحَمَّدِ بْنِ صَيْفِي وَسَلَمَةَ بْنِ الأَكْوَعِ وَهِنْدِ بْنِ أَسْمَاءَ وَابْنِ عَبَّاسٍ وَالرُّبَيِّعِ بِنْتِ مُعُوِّذِ بْنِ عَفْرَاءَ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ سَلَمَةَ الْخُزَاعِيِّ عَنْ عَمِّهِ وَعَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ ذَكَرُوا مُعَنْ رَسُولِ النَّهِ صلى الله عليه وسلم أَنَّهُ حَثَّ عَلَى صِيامٍ يَوْمٍ عَاشُورَاءَ . قَالَ أَبُو عِيسَى لاَ نَعْلَمُ فِي شَيْءٍ مِنَ الرِّوايَاتِ أَنَّهُ قَالَ " صِيَامُ يَوْمٍ عَاشُورَاءَ كَفَّارَةُ سَنَةٍ " . إِلاَّ عِيسَى لاَ نَعْلَمُ فِي شَيْءٍ مِنَ الرِّوايَاتِ أَنَّهُ قَالَ " صِيَامُ يَوْمٍ عَاشُورَاءَ كَفَّارَةُ سَنَةٍ " . إِلاَّ عِيسَى لاَ نَعْلَمُ فِي قَيَادَةَ . وَبِحَدِيثِ أَبِي قَتَادَةَ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ .

বাংলা

৭৫০. কুতায়বা ও আহমাদ ইবনু আবদ আয-যাববী (রহঃ) আবূ কাতাদা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেন, আশুরা (আশুরা/আসুরা/আসুরা) দিবসের সিয়াম সম্পর্কে আমি আল্লাহর নিকট আশা করি যে, এর মাধ্যমে, তিনি পূর্ববর্তী এক বছরের (গুনাহর) কাফফারা করে দিবেন। - ইবনু মাজাহ ১৭৩৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৫২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, মুহাম্মদ ইবনু সায়ফী, সালামা ইবনু আকওয়া, হিন্দ ইবনু আসমা, ইবনু আব্বাস, রুবাই বিনত মুআওবিয ইবনু আফরা, আব্দুর রহমান ইবনু সালমা আল-খুযাঈ তৎ চাচার বরাতে এবং আবদুল্লাহ ইবনু যুবায়র (রাঃ) প্রমূখ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি আশূরা (আশুরা/আসুরা/আসূরা) দিবসের সিয়াম পালন করতে উৎসাহিত করেছেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ কাতাদা (রাঃ) বর্ণিত এই হাদীসটি ছাড়া অন্য কোন রিওয়ায়াতে আশূরা দিবসের সিয়াম পালন এক বছরের কাফফারা স্বরূপ এই কথা উল্লেখ হয়েছে বলে আমাদের জানা নাই। আবূ কাতাদা (রাঃ) এর হাদীস অনুসারেই ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) অভিমত ব্যক্ত করেছেন।



English

Abu Qatadah narrated that:

the Prophet said: "Fast the Day of Ashura, for indeed I anticipate that Allah will forgive (the sins of) the year before it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন